

১০০৯
৪৬

যশোরে বিজ্ঞানের শিক্ষার্থী ক্রমাগত কমছে

॥ যশোর অফিস ॥

যোগা শিক্ষক সংকট ও উপ-যুক্ত পরিবেশের অভাবে যশোর-কলে বিজ্ঞানের শিক্ষার্থী হ্রাস পাচ্ছে। গত ৫ বছরে শুধু এসএসসিতে বিজ্ঞানের শিক্ষার্থী কমেছে ৪ হাজার। যশোর শিক্ষা বোর্ডের পরিসংখ্যান থেকে এ তথ্য বেরিয়ে এসেছে।

২০০৩ সালে যশোর শিক্ষা বোর্ডে এসএসসিতে বিজ্ঞান বিভাগের পরীক্ষার্থী ছিল ২০ হাজার ৫শ' ১০ জন। প্রতি বছরই এ সংখ্যা কমছে। সর্বশেষ ২০০৭ সালে বিজ্ঞান বিভাগ থেকে এসএসসি পরীক্ষায় অংশ নিয়েছে ১৬ হাজার ৪শ' জন। ৫ বছরে বিজ্ঞানের শিক্ষার্থী কমেছে ৪ হাজার। এইচএসসির ক্ষেত্রেও বিজ্ঞান বিভাগের শিক্ষার্থীর সংখ্যা হ্রাসমান। ২০০৪ সালে বিজ্ঞানের পরীক্ষার্থী ছিল ৯ হাজার ৯শ' ৭৪ জন, ২০০৬ সালে পরীক্ষা দেয় ৮ হাজার ৩৮ জন। তবে বিজ্ঞানের শিক্ষার্থী কমেও বাড়ছে ব্যবসা শিক্ষার। এসএসসিতে ২০০৩ সালে ব্যবসা শিক্ষার পরীক্ষার্থী ছিল ২৪ হাজার ৬শ' জন। চলতি বছর পরীক্ষা দিয়েছে ৩০ হাজার ৯শ' ২৯ জন। বিজ্ঞানের উৎকর্ষের যুগে বিজ্ঞানের শিক্ষার্থী নানা কারণে কমে যাচ্ছে। শিক্ষক ও

জানা গেছে বেশির ভাগ স্কুল-কলেজে বিজ্ঞান পড়ার উপযুক্ত পরিবেশ নেই। বিজ্ঞানাগার থাকলেও নেই প্রয়োজনীয় উপকরণ।

ন্যাব সহকারী নেই অনেক স্থানে। ২০০১ সালে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিকের বিজ্ঞানের সিলেবাস উন্নত করা হয়েছে। উন্নত সিলেবাসের ডাখে শিক্ষকরা পুরোপুরি পরিচিত হতে পারেননি। এছাড়া বিজ্ঞান বিভাগের শিক্ষকের হয়েছে তীব্র সংকট। এসব সংকটের কারণেই অভিজ্ঞতাধারী যেমন বিজ্ঞানের প্রতি আগ্রহ দেখাচ্ছেন না তেমনি শিক্ষার্থীরাও পিছিয়ে পড়ছে। এছাড়া মেগের, পেশা বা বৃত্তিনির্ভর শিক্ষায় বাণিজ্য বিভাগের শিক্ষার্থীরা লাভবান হচ্ছে। এ কারণে বাণিজ্য পড়ার আগ্রহ বেড়ে যাচ্ছে। এছাড়া দরিদ্র পরিবারের ছেলে মেয়েরা বিজ্ঞানের চেয়ে বাণিজ্যে ঝুঁকছে বেশি। এসব কারণে আবার অনেক শিক্ষা প্রতিষ্ঠানের বিজ্ঞান বিভাগ টিকিয়ে রাখা দুরূহ হয়ে যাচ্ছে। কোন কোন স্কুল বিজ্ঞান বিভাগে মাত্র ৫৭ জন শিক্ষার্থী পাচ্ছে। কোন কোন কলেজ ৩৪ জনের বেশি বিজ্ঞানের ছাত্র পাচ্ছে না। যশোর সরকারি সিটি কলেজের মত প্রতিষ্ঠিত কলেজেও ২০০৬ সালে বিজ্ঞানের পরীক্ষার্থী ছিল মাত্র ৭